

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৫-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব বিমান কুমার চক্রবর্তী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাশিয়ানী, গোপালগঞ্জ কর্মকালীন অত্র দপ্তরের ০৯-৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৪৪ সংখ্যক স্মারকে অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ৩-১২-২০১৫ খ্রিঃ তারিখে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে তিনি বলেন আমাশয় রোগে আক্রান্ত থাকায় গত ১২-৪-২০১৫ খ্রিঃ তারিখে গোপালগঞ্জ আঞ্চলিক কর্মশালায় যোগ দিতে পারেননি। তার বক্তব্যের সমর্থনে তিনি একটি ডাক্তারী সনদপত্র দাখিল করেন, যাতে দেখা যায় ১০-৪-২০১৫ খ্রিঃ হতে ১২-৪-২০১৫ খ্রিঃ পর্যন্ত আমাশয় ভুগছিলেন। কর্তৃপক্ষ তথা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত দায়িত্ব কেন বুঝে নেননি এ প্রশ্নের জবাবে বলেন পরে দায়িত্ব বুঝে নিয়েছেন এবং সে অনুযায়ী কাজ করছেন। সবশেষে তিনি ভুলের জন্য ক্ষমা চান;

০৩। যেহেতু, তার লিখিত জবাব, নথিপত্র পর্যালোচনায় দেখা যায় অভিযুক্ত আমাশয় রোগে আক্রান্ত ছিলেন মর্মে যে ডাক্তারী সনদ দাখিল করেছেন তাতে চিকিৎসা সংক্রান্ত কোন তথ্য নেই অর্থাৎ কি চিকিৎসা নিয়েছেন তার কোন উল্লেখ নেই; তাছাড়া পূর্বেও শৃংখলা বিরোধী কাজের জন্য বিভাগীয় মামলায় তিনি শাস্তি পেয়েছেন। এতে প্রতীয়মান হয় যে শৃংখলা বিরোধী কাজে তিনি অভ্যস্ত হয়ে পড়ছেন। এমতাবস্থায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়ার সুযোগ নেই।

০৪। যেহেতু, অভিযুক্তের বিভাগীয় মামলায় লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য, নথিপত্র ও সার্বিক বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মচারী জনাব বিমান কুমার চক্রবর্তী, ক্রেডিট সুপারভাইজার-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) মতে অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো;

০৫। সেহেতু, এক্ষণে জনাব বিমান কুমার চক্রবর্তী-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫এর ৪(২)(বি) অনুযায়ী “পরবর্তী ২টি বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত” দস্ত প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৩.২০১৫-৪৪৭

তারিখঃ ২১-১২-২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। পরিচালক (দাঃ বিঃ ঋণ) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গোপালগঞ্জ।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, কাশিয়ানী, গোপালগঞ্জ। (সংশ্লিষ্ট কর্মচারীর শাস্তির বিষয়টি তার চাকুরি বহিতে লালকালিতে লিপিবদ্ধ করার অনুরোধ করা হলো)।
- ০৭। জনাব বিমান কুমার চক্রবর্তী, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৯। অফিস কপি/ গাড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।